# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** কবির তার বার্ষিক পরীক্ষা শেষে পরিবারের সবার সাথে কুমিল্লার ময়নামতিতে বেড়াতে যায়। তারা সেখানে জাদুঘরে প্রাচীন অনেক নিদর্শন দেখতে পায়। কবিরের বাবা বললেন যে, এই অঞ্চলটি প্রাচীন একটি জনপদের অংশ। কবিরের খালাত ভাই বলে আমি বরেন্দ্র এলাকায় গিয়েছিলাম। এটি বরেন্দ্র জনপদের অন্তর্গত নয়।

ক. শশাঙ্ক এবং পাল রাজারা তাদের কী বলে পরিচয় দিতেন? ১

খ. জনপদ বলতে কী বোঝায়? ২

গ. কবিরের বাবা কোন জনপদের প্রতি ইঙ্গিত করেছেন? নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকে কবিরের খালাতো ভাইয়ের কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**২.▶** দশম শ্রেণির শিক্ষার্থীরা রাজশাহীর বরেন্দ্র জাদুঘরে গিয়ে প্রাচীন আমলের যুদ্ধাস্ত্র, মূর্তি ইত্যাদি দেখল এবং তারা তাদের ইতিহাস শিক্ষককে জিজ্ঞেস করল এগুলো দেখেই কি ইতিহাস লেখা যাবে বা ইতিহাস পড়ে কোনো প্রকার উপকার হবে। শিক্ষক বললেন, ইতিহাস লেখার জন্য এ সকল উপাদান প্রয়োজন এবং দেশের উন্নতি-অগ্রগতির স্বার্থেই আমাদের ইতিহাস পাঠ করা প্রয়োজন।

ক. ইতিহাসকে কত ভাগে ভাগ করা যায়? ১

খ. ইতিহাসের পরিসর ব্যাখ্যা কর। ২

গ. ইতিহাস জানার জন্য যেসব উপাদানের কথা শিক্ষক বলেছেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দেশের উন্নতি ও অগ্রগতির স্বার্থেই আমাদের ইতিহাস পাঠ করা প্রয়োজন' — বক্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

**৩.▶** রফিক টিভিতে একটি মুভি দেখছে। সেখানে সে দেখেছে যে, প্রাচীনকালে একজন রাজার মৃত্যুর পর কোনো যোগ্য উত্তরসূরি ছিল না। ফলে তার সাম্রাজ্য ভেঙে যায় এবং আশপাশের রাজ্যের রাজারা দেশটিতে আক্রমণ করেন। ফলে বিভিন্ন অংশে ছোট ছোট স্বাধীন রাজ্যের সৃষ্টি হয়।

ক. ধর্মপাল কোন ধর্মের লোক ছিল? ১

খ. কৈবর্ত বিদ্রোহের পরিচয় দাও। ২

গ. রফিকের দেখা মুভিটি প্রাচীন বাংলায় কোন রাজবংশের কোন সময়ের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. এ সময়ে যেসব স্বাধীন রাজবংশের অস্তিত্ব ছিল সেগুলো সম্পর্কে আলোচনা কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪.▶ নারায়ণগঞ্জ পৌরসভার চেয়ারম্যান নির্মল কুমার তার এলাকায় একটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন সেখানে দেশের এবং বাইরের শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি করা হয়। এছাড়াও তার এলাকায় বিভিন্ন ধর্মের লোকদের ধর্ম পালনের সুযোগও তিনি করে দেন। তিনি তার এলাকায় শান্তি-শৃঙ্খলা স্থাপন করেন। ফলে তিনি দীর্ঘদিন তার এলাকা শাসন করার সুযোগ পান।

ক. পাল বংশের প্রতিষ্ঠাতা কে? ১

খ. 'মাৎস্যন্যায়' বলতে কী বোঝায়? ২

গ. আধুনিক শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে নারায়ণগঞ্জ পৌরসভার চেয়ারম্যানের সঙ্গে ধর্মপালের কোন কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্মল কুমার দীর্ঘদিন পৌরশাসন করার পেছনে কাজ করেছে ধর্মপালের আদর্শ ও অনুপ্রেরণা— মূল্যায়ন কর। ৪

৫.▶ সাব্বির এক ঐতিহাসিক নাটকের বই পড়ছে। পড়েছে একজন বীর অন্যদেশ থেকে এসে কষ্ট করে চাকরি পাওয়ার পর কয়েকজন সহচর নিয়ে সাম্রাজ্য দখলের পরিকল্পনা করেন এবং অভিযান চালান। সেক্ষেত্রে তিনি সোজা পথে না গিয়ে পাহাড়ি পথে অগ্রসর হন। অল্প কয়েকজন সহচর নিয়ে রাজ্যের প্রধান ফটকে অশ্ব নিয়ে আসেন এবং সকলে অশ্ব ব্যবসায়ী মনে করে রাজ্যের ভিতরে প্রবেশ করতে দিলে তিনি রাজ্য দখল করে নেন।

ক. কত খ্রিস্টাব্দে ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজি গজনীতে আসেন? ১

খ. বখতিয়ার খলজি কীভাবে ওদন্তপুরী বিহার জয় করেন? ২

গ. সাব্বিরের পড়া ঐতিহাসিক নাটকটির সাথে বাংলার — কোন মুসলিম সেনাপতির বিজয় কাহিনী সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. তিনি ছিলেন একজন বিজয়ী বীর ও সুশাসক — বিশ্লেষণ কর। ৪

৬.▶ ইফাত ও রিফাত মধ্যযুগের বাংলার ইতিহাস নিয়ে আলোচনা করছিল। ইফাত বলল — ফরিদপুর, সিলেট, শ্রীপুর, ময়মনসিংহ, বরিশাল, নোয়াখালী মানিকগঞ্জ প্রভৃতি অঞ্চলে কয়েকজন জমিদার স্বাধীনভাবে জমিদারি পরিচালনা করতেন। রিফাত বলল যে, এদের দমন করার জন্য একজন সম্রাট বিশেষ নজর দেন।

ক. ঈসা খানের রাজধানী কোথায় ছিল? ১

খ. বার ভূঁইয়া কারা? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইফাত ইতিহাসে মধ্যযুগের কোন ঘটনার কথা বলেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রিফাতের কথার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭.▶ তপু বাংলাদেশের নাগরিক। সে গত দু'বছর আগে একটি দেশে পড়ালেখার জন্য গমন করেছে। অতীতে এ দেশের একটি বণিক সংঘ রাণির কাছ থেকে ১৫ বছর মেয়াদী বাণিজ্য করার সনদপত্র নিয়ে ভারতীয় উপমহাদেশে আগমন করে। তৎকালীন সম্রাটের কাছ থেকে তারা বাণিজ্য করার অনুমতি লাভ করে। আর এ বণিকসংঘ অপ্রতিরোধ্য গতিতে অগ্রসর হয়ে ভারতবর্ষের ব্যাপক ক্ষতি সাধন করে।

ক. ভাস্কো-দা-গামা কত খ্রিস্টাব্দে ভারতের কালিকট বন্দরে এসে উপস্থিত হয়েছিলেন? ১

খ. 'ওলন্দাজ' বা 'ডাচ' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ভারতীয় উপমহাদেশে যে শাসনের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. এক সময় উক্ত বণিক দলের সাথে ভারতীয় উপমহাদেশে ফরাসি বণিকদের সংঘর্ষ অনিবার্য হয়ে দাঁড়ায়? বিশ্লেষণ কর। ৪

৮.▶ আজকাল টিভি ও পত্রিকাতে বি এস এফের হাতে বাংলাদেশিদের নিহত হওয়ার ঘটনা প্রায়ই দেখি। আসিফের দাদা বললেন যে, এদেশটিই আমাদের স্বাধীনতা যুদ্ধে নানাভাবে সাহায্য করে আমাদের বিজয় ত্বরান্বিত করেছে।

ক. আমাদের প্রথম জাতীয় পতাকা কে তৈরি করেন? ১

খ. জর্জ হ্যারিসন কে ছিলেন? ২

গ. উদ্দীপকে আসিফের দাদা আমাদের স্বাধীনতা যুদ্ধে কোন দেশের সাহায্যের ঘটনার প্রতি ইঙ্গিত করেছেন — ব্যাখ্যা কর। ৩

ঘ. আমাদের মুক্তিযুদ্ধের বিজয়ে এরূপ আরও অনেক দেশ সহায়তা করছে — বিশ্লেষণ কর। ৪

৯.▶ জয় টেলিভিশনে মুক্তিযুদ্ধের ওপর একটি সিনেমা দেখছিল। সিনেমার কাহিনিতে দেখা যায়, একটি দেশের যুদ্ধের সময় সেই দেশের কবি, সাহিত্যিকগণ কবিতা, নাটক, গান ইত্যাদি রচনা করে নিজযোদ্ধাদের সাহস যোগাচ্ছেন।

ক. মুজিবনগর সরকারের উপ রাষ্ট্রপতি কে ছিলেন? ১

খ. আমাদের স্বাধীনতা যুদ্ধে প্রবাসী বাঙালিদের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. জয়ের দেখা সিনেমার ঘটনাগুলো আমাদের স্বাধীনতা যুদ্ধের ক্ষেত্রে কতটুকু সত্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর আমাদের স্বাধীনতা যুদ্ধ এরূপ আরও অনেক শ্রেণির মানুষের ভূমিকার সম্মিলিত ফসল — বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ১ ৫ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ইংরেজি History শব্দটি কোন ভাষা হতে উৎপত্তি লাভ করেছে?**
ক) ল্যাটিন খ) ফরাসি
গ) গ্রিক ঘ) জার্মান

**২. গৌড়ের নাম জান্নাতাবাদ কে রাখেন?**
ক) শেরশাহ খ) হুমায়ুন
গ) জাহাঙ্গীর ঘ) আকবর

**৩. প্রাচীনকালে বিশ্ববিখ্যাত কোন্ কাপড় বাংলায় তৈরি হতো?**
ক) রেয়ন খ) রেশমি
গ) পশমি ঘ) মসলিন

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**




**৪. এঁরা কোথায় রাজত্ব করতেন?**
ক) উত্তর-পূর্ব বাংলায় খ) উত্তর-পশ্চিম বাংলায়
গ) দক্ষিণ-পূর্ব বাংলা ঘ) দক্ষিণ-পশ্চিম বাংলায়

**৫. চন্দ্র রাজ বংশ পতনের ক্ষেত্রে সঠিক তথ্য হলো—**
i. হুনদের আক্রমণ
ii. কলচুরিরাজ কর্ণের আক্রমণ
iii. চোল সম্রাট রাজেন্দ্র চোলের আক্রমণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

**৬. বখতিয়ার নদীয়া ত্যাগ করে কোন্ দিকে অগ্রসর হন?**
ক) মুন্সীগঞ্জের খ) লক্ষণাবতীর
গ) বিক্রমপুরে ঘ) গজনীর

**৭. কোন কাব্য ফার্সি রচনার অনুবাদ?**
ক) রসুল বিক্রম খ) রাগমালা
গ) আতনামা ঘ) ইউসুফ জুলেখা

**৮. তিতুমীর কার নেতৃত্বে লাঠিয়াল বাহিনী গড়ে তোলেন?**
ক) গোলাম মাসুম খ) মাদার রকস
গ) ছোবহান সাহেব ঘ) করিম সাহেব

**৯. কত সালে বঙ্গভঙ্গ পরিকল্পনা গৃহীত হয়?**
ক) ১৯০১ খ) ১৯০৩
গ) ১৯০২ ঘ) ১৯০৪

**১০. বাংলার রাজনৈতিক ইতিহাস সম্পর্কে ধারাবাহিকভাবে ধারণা লাভ করা যায়—**
i. পাল শাসন থেকে
ii. যৌথ শাসনকাল থেকে
iii. গুপ্ত শাসনকাল থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) i ও iii

**১১. 'বরাহ মিহির' গ্রন্থটি কত শতকে দেখা যায়?**
ক) তৃতীয় খ) চতুর্থ
গ) পঞ্চম ঘ) ষষ্ঠ শতকে

**১২. পূর্ব বাংলার নাম কত সালে পূর্ব পাকিস্তান হয়?**
ক) ১৯৫৬ খ) ১৯৪৭
গ) ১৯৪৮ ঘ) ১৯৫২

**১৩. কে ঢাকায় ১৪৪ ধারা জারি করেন?**
ক) লিয়াকত আলী খ) মোহাম্মদ আলী জিন্নাহ
গ) নূরুল আমীন ঘ) খাজা নাজিমুদ্দিন

**১৪. ফারাত শব্দের অর্থ কী?**
ক) রাজকীয় বাড়ী খ) বড় নগর
গ) বিচারালয় ঘ) রাজধানী

**১৫. স্পটা কেমন রাষ্ট্র ছিল?**
ক) সামরিক রাষ্ট্র খ) গণতান্ত্রিক
গ) রাজতান্ত্রিক ঘ) প্রজাতান্ত্রিক

**১৬. ঐতিহাসিক ছয়দফা কী?**
ক) আমাদের উন্নয়নের দাবি
খ) আমাদের বাঁচার দাবি
গ) আমাদের ভাষার দাবি
ঘ) আমাদের স্বাধীনতা দাবি

**১৭. কোথায় প্রথম গ্রাম সরকার চালু হয়?**
ক) জিরাবুতে খ) আশুলিয়ায়
গ) নবীনগরে ঘ) আমিন বাজার

**১৮. সন্ন্যাসীদের নেতার নাম কি ছিল?**
ক) মজনু শাহ খ) ভবানি পঠক
গ) চেরানা আলী শাহ ঘ) ছোবাহান শাহ

**১৯. স্বরাজ পার্টির অন্যতম সম্পাদক কে ছিলেন?**
ক) জওহরলাল নেহেরু খ) মতিলাল নেহেরু
গ) আবুল কালাম আযাদ ঘ) সোহরাওয়ার্দী

**২০. অন্ধকূপ হত্যার রচয়িতা কে?**
ক) জগৎ কোঠ খ) রায়দুর্লভ
গ) উমি চাঁদ ঘ) হলওয়েল

**২১. বাংলার আদি জনপদের আদি বাসিন্দারা কোন জাতির অন্তর্ভুক্ত ছিল?**
ক) বাঙ্গালি খ) নিষাদ
গ) আলপাইন ঘ) আর্য

Teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :

হেনা শীতকালীন ছুটিতে মা-বাবার সাথে রাজশাহীর বরেন্দ্র জাদুঘর পরিদর্শনে যায়। সেখানে গিয়ে সে প্রাচীন নিদর্শনের সাথে পরিচিত হয়। এর মধ্যে পাথরের চাকতিতে খোদাই করা লিপি। সে জানতে পারল এটি ছিল বাংলাদেশে পাওয়া প্রাচীন শিলালিপি। এবং সম্রাট অশোকের সময় এর শিলালিপি উৎকীর্ণ করা হয়।

২২. হেনা পরিচিত হওয়া নিদর্শনগুলি প্রাচীন কোন জনপদের ইঙ্গিত বহন করে?
ⓚ গৌড় ⓚ পুণ্ড্র
ⓖ সমতট ⓖ বরেন্দ্র

২৩. উক্ত জনপদটি প্রাচীন বাংলার গুরুত্বপূর্ণ জনপদ কারণ একটি—
i. সভ্যতার প্রাচীন নিদর্শন
ii. সমৃদ্ধ নগরী হিসেবে পরিচিতি
iii. খ্যাতিপূর্ণ নৌ বাণিজ্যিক
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

২৪. বাংলাদেশের অস্থায়ী সরকারের কয়টি মন্ত্রণালয় ছিল?
ক ১০টি খ ১১টি
গ ১২টি ঘ ১৫টি

২৫. কত সালে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়?
ক ১১৬৬ খ ১৯৬৯
গ ১৯৬৮ ঘ ১৯৭০

২৬. ১৯৩৫ সালের আইন প্রদেশের শাসন ব্যবস্থার প্রবর্তন করে—
i. যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থা
ii. মন্ত্রি পরিষদ শাসিত সরকার
iii. প্রাদেশিক স্বায়ত্তশাসন
নিচের কোনটি সঠিক?
ক i খ iii
গ i ও ii ঘ i, ii ও iii

২৭. সংবিধানের পঞ্চম সংশোধনী আইন কত তারিখে জাতীয় সংসদে গৃহীত হয়?
ক ৫ এপ্রিল, ১৯৭৯ খ ১০ এপ্রিয়, ১৯৭৯
গ ১২ এপ্রিল, ১৯৭৯ ঘ ১৬ এপ্রিল, ১৯৭৯

২৮. বাঙালী জাতীয়তাবাদী প্রথম প্রেরণা কোনটি?
ক বাংলা একাডেমী প্রতিষ্ঠান
খ যুক্তফ্রন্ট গঠন
গ ভাষা আন্দোলন
ঘ ৬ দফা আন্দোলন

২৯. চিরস্থায়ী বন্দোবস্তের ইতিবাচক প্রভাব হচ্ছে—
i. সুনির্দিষ্ট রাজস্ব আয়
ii. জমিদারগণের জনকল্যাণমূলক চাষাবাদ
iii. পতিত জমির চাষাবাদ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৩০. প্রাচীনকালে কী দিয়ে জমি মাপা হতো?
ক রশি খ খিল
গ নল ঘ ফিতা

৩১. কোনটি ক্ষত্রিয়দের পেশা ছিল?
ক অধ্যাপনা করা খ যুদ্ধ করা
গ ব্যবসা করা ঘ কৃষিকাজ

৩২. আয়ুব খান কখন সামরিক শাসন জারি করেন?
ক ১৯৫৬ খ ১৯৫৮
গ ১৯৬০ ঘ ১৯৬৪

৩৩. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোনটি?
ক ২১ ফেব্রুয়ারী খ ২৩ ফেব্রুয়ারী
গ ২৭ নভেম্বর ঘ ১০ নভেম্বর

৩৪. কত সালে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়?
ক ১৯৬৮ খ ১৯৬৬
গ ১৯৬২ ঘ ১৯৬৪

৩৫. কোনটি বাংলার আশা-আকাঙ্ক্ষার প্রতীক?
ক ১১ দফা খ ৬ দফা
গ ২১ দফা ঘ ১৪ দফা

৩৬. ১৯৭৪-৭৫ সালে প্রতিরক্ষা খাতে বাজেট কত ছিল?
ক ৭০ খ ৭৫ কোটি
গ ৮০ ঘ ১০০ কোটি

৩৭. সার্ক কত সালে গঠিত হয়?
ক ১৯৮০ খ ১৯৮২
গ ১৯৮৫ ঘ ১৯৭৮

৩৮. ১৯৭৭ সালের কত তারিখে গণভোট অনুষ্ঠিত হয়?
ক ১ মে খ ১০ মে
গ ২০ মে ঘ ৩ মে

৩৯. মোশতাক সরকারের পতন হয় কখন?
ক ১৬ আগস্ট খ ২৫ আগস্ট
গ ৭ নভেম্বর ঘ ৩ নভেম্বর

৪০. সোমপুর বিহার কে তৈরি করেন?
ক গোপাল খ ধর্মপাল
গ দেবপাল ঘ সুপাল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | খ |

http://teachingbd.com